অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/23/2022 **গভর্নর ক্যাথি হোকল**

যদি আপনি এটি পূর্বে দেখে না থাকেন: নিউ ইয়র্ক ডেইলি নিউজে গভর্নর হোকলের মতামত ও সম্পাদকীয় পৃষ্ঠার নিবন্ধ: জামিন পুনর্গঠনকে দোষারোপ নয়; এটি উন্নত করুন

আজ নিউ ইয়র্ক ডেইলি নিউজের (New York Daily News) মতামত ও সম্পাদকীয় পৃষ্ঠায় জন নিরাপত্তা শক্তিশালী করার জন্য আমাদের আইনগুলোর টার্গেটিকৃত পরিবর্তন সম্পন্ন করার গুরুত্ব সম্পর্কে গভর্নর ক্যাথি হোকল ও লেফটেনেন্ট গভর্নর ব্রায়ান বেঞ্জামিনের লিখিত একটি নিবন্ধ প্রকাশিত হয়েছে। এই নিবন্ধের লেখা নিচে দেওয়া হলো এবং এটি অনলাইনে এখানে দেখা যাবে।

2019 সালে স্টেটের আইনপ্রণেতারা আমাদের জামিন আইনের উল্লখযোগ্য সংস্কার বাস্তবায়ন করেন। এসব পরিবর্তনের লক্ষ্য ছিল এমন একটি ব্যবস্থার সংস্কার করা যেখানে জাতিসত্ত্বা ও অর্থের অ্যাক্সেস প্রায় ক্ষেত্রেই বিবাদী বিচারের মুখোমুখী হওয়ার আগে আটক অবস্থায় থাকবেন কিনা তার নির্ণায়ক হয়ে দাঁড়িয়েছিল। কৃষ্ণাঙ্গ ও বাদামী বর্ণের কমিউনিটিকে বৈষম্যমূলকভাবে প্রভাবিতকারী এসব অসম ফলাফল শুধু মৌলিকভাবে অন্যায্যই ছিল না, বরং সেইসাথে আমাদের ফৌজদারি বিচার ব্যবস্থার প্রতি আস্থাকে ক্ষুণ্ন করছিল।

এসব সংস্কার সফল হয়েছিল: শুধু অর্থ পরিশোধ করতে না পারার কারণে জেলে আটকে থাকা নিউ ইয়র্কবাসীদের সংখ্যা কমে এসেছে, এবং এটা করতে গিয়ে আমরা করদাতাদের অর্থ সাশ্রয় করেছি।

এরপরও, আইনটি পাশ হওয়ার পর থেকে আমরা গুলিবর্ষণ ও খুন হওয়ার ঘটনা পীড়াদায়কভাবে বৃদ্ধি পেতে দেখছি। কিন্তু ডাটা থেকে এটা বলা যায় না যে জামিন পুনর্গঠনই এর প্রধান কারণ: নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services)-এর একটি বিশ্লেষণ অনুযায়ী নিউ ইয়র্ক সিটিতে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত অপরাধের জন্য গ্রেপ্তার হওয়া এবং এরপরে জামিনে ছাড়া পাওয়ার পরে পুনরায় গ্রেপ্তার হওয়া ব্যক্তিদের সংখ্যা জামিন পুনর্গঠন কার্যকর হওয়ার পর থেকে খুব সামান্যই পরিবর্তিত হয়েছে, যা আগের 25% থেকে জামিন পুনর্গঠনের পরে 27%-এ উন্নীত হয়েছে। নিউ ইয়র্ক সিটির বাইরে এই শতকরা হার 20% থেকে 22% হয়েছে।

একইভাবে, NYPD-এর ডাটা অনুযায়ী, নিউ ইয়র্ক সিটিতে ইতোমধ্যে চলমান মামলায় অভিযুক্ত ব্যক্তির গুলিবর্ষণের ঘটনায় গ্রেপ্তার হওয়ার পরিমাণ কয়েক বছর ধরে 25%-এর আশেপাশে রয়েছে, যদিও এটি 2019 সালের 24% থেকে বৃদ্ধি পেয়ে 2021 সাথে 28% হয়েছে।

আমেরিকা ব্যাপী শহরগুলোতে ঘটতে থাকা সহিংসতার ঘটনা বৃদ্ধির জন্য জামিন পুনর্গঠনকে দায়ী করা ন্যায়সঙ্গত নয় এবং ডাটা দ্বারা সমর্থিত নয়। এটি করলে তুলনামূলকভাবে অনেক বেশি উল্লেখযোগ্য বিষয়গুলো থেকে আমাদের মনোযোগ সরে যাওয়ার ঝুঁকি তৈরি হবে: মহামারীর কারণে হওয়া আকস্মিক পরিবর্তন, অবৈধ আগ্নেয়াস্ত্রের লভ্যতা, গ্যাং ক্রিয়াকলাপ বৃদ্ধি পাওয়া, গ্রেপ্তারের নিম্ন হার এবং পিছিয়ে থাকা আদালত ব্যবস্থা যেগুলোর মধ্যে কয়েকটি।

কিন্তু এর মানে এই নয় যে বর্তমান জামিন আইনটি খুঁতহীন। যখন আগ্নেয়াস্ত্র সংক্রান্ত অপরাধের জন্য গ্রেপ্তার হওয়া ব্যক্তিদের প্রতি চারজনের একজন পুনরায় গ্রেপ্তার হচ্ছেন, এটি স্পষ্ট যে আমরা এখনো যথেষ্ট ভূমিকা রাখতে পারিনি। পুনরায় অপরাধে লিপ্ত হওয়ার এই হার জামিন পুনর্গঠনের আগেও ব্যর্থতা ছিল, এবং আজও ব্যর্থতা হিসেবে রয়ে গেছে।

আমরা একটি অপেক্ষাকৃত ন্যায্য ফৌজদারি বিচার ব্যবস্থার দিকে এগিয়ে যাওয়ার পথে আমাদের সম্পন্ন করা অগ্রগতি রক্ষা করতে প্রতিশ্রুতিবদ্ধ। কিন্তু জন নিরাপত্তাকে শক্তিশালী করবে এমনভাবে আমাদের আইনগুলোর সুচিন্তিত, পরিমিত পরিবর্তন সম্পাদনের সাথে এটি সাংঘর্ষিক নয়।

প্রথমে, আমাদের পুনরায় অপরাধে লিপ্ত হওয়ার এই সমস্যা মোকাবেলা করতে হবে। যদি কোনো ব্যক্তি বিচারপূর্ব জামিনে বাইরে থাকাকালীন সময়ে দ্বিতীয় বা তৃতীয় একটি অপরাধে লিপ্ত হয়, সেক্ষেত্রে অফিসারদের গ্রেপ্তার করার সক্ষমতা থাকতে হবে এবং একটি "ফৌজদারি আদালতে হাজিরা দেওয়ার নোটিশ" জারি করার মধ্যে সীমাবদ্ধ থাকা যাবে না, যেমনটা বহু ক্ষেত্রে দেখা যায়। অনুরূপভাবে, হেইট ক্রাইমের জন্য ফৌজদারি আদালতে হাজিরা দেওয়ার নোটিশ প্রদান করা নয়, গ্রেপ্তারের সুযোগ থাকতে হবে। এবং পুনরায় অপরাধকারীদের ক্ষেত্রে বিচারকদের জামিন নির্ধারণের সুযোগ থাকতে হবে — যদিও অপরাধটি বর্তমানে জামিন পাওয়ার উপযুক্ত না হয়।

দ্বিতীয়ত, অবৈধ আগ্নেয়াস্ত্র সংশ্লিষ্ট সকল অপরাধের মামলায় বিচারকদের জামিন নির্ধারণ করার বিষয়টি আমাদের সম্ভব করে তুলতে হবে, যার মধ্যে অপ্রাপ্তবয়স্কদের কাছে বেআইনি আগ্নেয়াস্ত্র বিক্রি বা হস্তান্তর করাও অন্তর্ভুক্ত রয়েছে — যে অপরাধটি আশ্চর্যজনকভাবে বর্তমানে জামিনের উপযুক্ত নয়।

সবশেষে, সহিংস অপরাধ ও আগ্নেয়াস্ত্র সংশ্লিষ্ট অপরাধের ক্ষেত্রে, আমাদের বিচারকদের সুনির্দিষ্ট মানদণ্ড অনুযায়ী আরো বেশি বিধিনিষেধমূলক বিচারপূর্ব শর্ত নির্ধারণ করতে সক্ষম করে তুলতে হবে। বর্তমানে, জামিন ও বিচারপূর্ব আটকাবস্থা সম্পর্কিত সকল সিদ্ধান্ত এককভাবে বিবাদীর আদালতে ফেরত আসা নিশ্চিত করার জন্য অপরিহার্য "সবচেয়ে কম বিধিনিষেধমূলক" শর্তের উপর নির্ভর করে গ্রহণ করা আবশ্যক। ঘরোয়া সহিংসতার কেসগুলোতে, আইনপ্রণেতারা ইতোমধ্যে বিচারকদের জন্য আরো কিছু বিষয় বিবেচনায় নেয়ার সুযোগ রেখেছেন (যেমন

বিবাদীর আগ্নেয়াস্ত্র ব্যবহারের ইতিহাস আছে কিনা অথবা বিবাদী এর আগে সুরক্ষা সংক্রান্ত আদেশ লঙ্ঘন করেছেন কিনা)।

এটি সুনির্দিষ্টভাবে "বিপজ্জনক মনে করার" মানদণ্ড নয় — সিদ্ধান্তগুলো অবশ্যই সুনির্দিষ্ট, প্রকৃত পরিস্থিতি নির্ভর হতে হবে। ঘরোয়া সহিংসতার আইনে ইতোমধ্যে যে বিষয়টি রয়েছে তার ভিত্তিতে এই মডেলটি আমাদের অন্যান্য গুরুতর অপরাধের ক্ষেত্রেও প্রয়োগ করা উচিত।

এসব পরিবর্তন আমাদের আইনগুলো উন্নত করবে, কিন্তু সেগুলো হঠাৎ করেই সহিংসতা বৃদ্ধির গতি উল্টে দিতে পারবে না। সেটির জন্য একটি সামগ্রিক পদ্ধতি প্রয়োজন হবে। আমরা ইতোমধ্যে অবৈধ আগ্নেয়াস্ত্রের প্রবাহ বন্ধ করা, কমিউনিটি ভিত্তিক সহিংসতা প্রতিরোধে সহায়তা করা, এবং স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থার জন্য সংস্থানসমূহ বৃদ্ধি করার প্রচেষ্টা জোরদার করেছি। এবং আমরা কার্যকর সমাধানগুলোতে বিনিয়োগ করা অব্যাহত রাখবো।

সমীকরণের আরেকটি গুরুত্বপূর্ণ অংশ হলো মানসিক স্বাস্থ্য। লাইসেন্সপ্রাপ্ত মানসিক স্বাস্থ্য পেশাজীবীদের সংকটকালীন মধ্যস্থতা টিম ও পুলিশের সাথে সহযোগী হয়ে কাজ করার অধিকতর সক্ষমতা প্রদান করতে আমরা আইন পরিবর্তনের প্রস্তাব করছি। এই একই সময়ে, যেসব ব্যক্তি গুরুতর মানসিক অসুস্থতায় আক্রান্ত এবং নিজেদের বা অন্যদের জন্য বিপদের কারণ হতে পারেন তাদেরকে বাধ্যতামূলকভাবে বহির্বিভাগ থেকে চিকিৎসা গ্রহণের জন্য আদেশ প্রদান করা বিচারকদের জন্য সহজতর করার জন্য আমাদের কেন্ড্রা'স ল শক্তিশালী করতে হবে। এসব প্রস্তাবের পাশাপাশি, কমিউনিটি-ভিত্তিক হাসপাতাল ও আবাসনে আরো বেশি সাইকিয়াট্রিক বেডের ব্যবস্থা করার জন্য আমাদের বাড়তি সংস্থান সরবরাহ করতে হবে, যাতে সাহায্যপ্রার্থী কোনো ব্যক্তিকে ব্যর্থ হয়ে ফিরতে না হয়।

এছাড়া যেসব ব্যক্তি নিজেদের সাজার মেয়াদ শেষ করেছেন তাদের জন্য সমাজে সফলভাবে পুনঃপ্রবেশ করার বিষয়টিও আমাদেরকে সহজ করে তুলতে হবে। একারণেই আমরা "কমই বেশি" ("Less Is More") আইন প্রণয়ন করতে পেরে গর্বিত, যার ফলে ব্যক্তিদের কারিগরি প্যারোল লঙ্ঘনের জন্য কারারুদ্ধ থাকতে হবে না, এবং একারণেই আমরা জেলে থাকা ব্যক্তিদের স্টেটের টিউশন সহায়তা কর্মসূচিতে (Tuition Assistance Program) অংশগ্রহণ করার অনুমতি প্রদানের প্রস্তাব রেখেছি, যাতে তারা জেল থেকে আরো বেশি শিক্ষা ও দক্ষতা অর্জন করে বের হয়ে আসতে পারেন।

একসঙ্গে বিবেচনা করলে, এসব পরিবর্তন আমাদের স্টেটকে একটি অধিকতর ন্যায্য ও আরো বেশি নিরাপদ স্থানে পরিণত করার জন্য আমাদের আইন, নীতিমালা ও রীতিসমূহ উন্নয়নের কাজ অব্যাহত রাখবে — ঠিক যেটা 2019 সালে আইনপ্রণেতারা করতে চেয়েছিলেন এবং তাদের সাথে যে বিষয়ে কাজ করে যাওয়ার জন্য আমরা অঙ্গীকারবদ্ধ হয়েছি।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন